



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

১০-১৭, মতিঝিল রোড, ঢাকা-১০০০।

ফোন : ৯৫১৬৫১

E-mail: dgmaccounts1@krishibank.org.bd



কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং প্রক/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০১৯-২০২০/১০৬৫ (১২৫০)

তারিখঃ ২৫-০৬-২০২০খ্রিঃ

- ১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
- ৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থবছর (কর বছর ২০২০-২০২১) এর বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী এজেন্সি ফরমেট'এ প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং প্রক/হিসাব-১/কর শাখা-৩/২০১৮-২০১৯/ ৮৫(৬৩), তারিখ-০৬-০৮-২০১৮খ্রিঃ, পত্র নং প্রক/হিসাব-১/কর শাখা-৩/২০১৯-২০২০/৯৩২, তারিখ- ১২-০৫-২০২০খ্রিঃ এবং পত্র নং প্রক/হিসাব-১/কর শাখা-৩/২০১৯-২০২০/৯৬৭(১২৫০), তারিখ- ১৪-০৬-২০২০খ্রিঃ এর প্রতি নৃষ্টি আকর্ষণ করা হলো।

- ০২। উল্লেখিত বিষয়ে ২০১৯-২০২০ অর্থবছর (কর বছর ২০২০-২০২১) বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী এতদসঙ্গে সংযুক্ত এজেন্সি ফরমেটে YFITS (Yearly Final Income Tax Statement) প্রস্তুত করে ৩১-০৭-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইল (dgmaccounts1@krishibank.org.bd) যোগে অত্র বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।
- ০৩। আয়করের চূড়ান্ত প্রতিবেদনে YFITS (Yearly Final Income Tax Statement) শুধুমাত্র করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর ২০১৯-২০২০ অর্থবছরের তথ্য প্রেরণ করতে হবে।
- ০৪। আয়করের চূড়ান্ত প্রতিবেদনে YFITS (Yearly Final Income Tax Statement) ষেততা পরিহার করার লক্ষ্যে একজন করযোগ্য কর্মকর্তা/কর্মচারী তাঁর বর্তমান কার্যালয়/শাখার মাধ্যমে তার তথ্য প্রেরণ করবেন। একাধিক কার্যালয়/শাখার মাধ্যমে আংশিকভাবে আয়করের তথ্য প্রেরণ করা যাবে না। সেক্ষেত্রে প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারীকে ৩০ জুন, ২০২০খ্রিঃ তারিখের কর্মস্থলের মাধ্যমে সম্পূর্ণ অর্থবছরের (২০১৯-২০২০) আয়করের তথ্য চূড়ান্ত প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ০৫। সাধারণত প্রত্যেক অর্থবছরের শুরুতে প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট অর্থবছরে তার সম্ভাব্য বৈতনিক আয়কর হিসাবায়নপূর্বক তার মাসিক বেতন হতে মাসিক ভিত্তিতে বৈতনিক আয়কর কর্তনের পরিমাণ নির্ধারণ করে থাকেন। এতদপ্রেক্ষিতে শাখা/কার্যালয়ের বৈতনিক কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট করদাতা কর্মকর্তা/কর্মচারীর নির্দেশনা মোতাবেক বেতন হতে মাসিক ভিত্তিতে বৈতনিক আয়কর কর্তন করা হয়ে থাকে। অত্র বিভাগের অভিন্ন নথি ১৪-০৬-২০২০খ্রিঃ তারিখের পত্র নং ৯৬৭(১২৫০) এর মাধ্যমে সর্বশেষ পরিবর্তিত আয়করের হার মাঠ কার্যালয়ে অবহিত করা হয়েছে। পরিবর্তিত আয়কর হারের প্রভাবে কোন কোন করদাতা কর্মকর্তা/কর্মচারীর বেতন হতে প্রকৃত আয়করের তুলনায় অতিরিক্ত আয়কর কর্তন করা হয়েছে মর্মে অত্র বিভাগ অবহিত আছে। প্রকৃত আয়করের তুলনায় কর্তনকৃত অতিরিক্ত আয়কর সঠিক হিসাবায়নের লক্ষ্যে ৩১-০৭-২০২০খ্রিঃ তারিখের মধ্যে চলতি অর্থবছর (২০১৯-২০২০) এর চূড়ান্ত বৈতনিক আয়কর প্রতিবেদন YFITS (Yearly Final Income Tax Statement) অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার লক্ষ্যে সকলকে পরামর্শ প্রদান করা হলো। উল্লেখ্য প্রকৃত আয়করের অতিরিক্ত কর্তনকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যক্তির আগামী অর্থবছরের তার নিরূপিত আয়করের সঙ্গে সমন্বয়যোগ্য।
- ০৬। এতদবিষয়ে প্রয়োজনে অত্র বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা জনাব নাজমুল হুদা'র সাথে (মোবাইল-০১৭৩৯-৮৬৬৮৭৮) যোগাযোগ করা যেতে পারে।
- ০৭। বিষয়টি জরুরী।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(খান তামাজিদ আহমেদ)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

তারিখঃ ঐ

নং প্রক/হিসাব-১/কর শাখা-৩/২০১৯-২০২০/১০৬৫ (১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণঃ

- ১। টীক স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, পর্শ সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। টীক স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকাকে অনুরোধ করা হলো।
- ৬। নথি/মহানথি।

তারিখঃ ২০০৬-২০২০

(আরিফুর রহমান)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা